



## জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ [info@nhrc.org.bd](mailto:info@nhrc.org.bd)

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞঃ/-২৩৯/১৩- ৮৯

তারিখঃ ০৭ এপ্রিল ২০২০

### প্রেস বিজ্ঞপ্তি-

বাংলাদেশে করোনা ভাইরাস সংক্রমণের দুর্ভোগময় মুহূর্তে জনগণ ও সংশ্লিষ্ট সকলের অধিক দায়িত্বশীল, সহানুভূতিশীল ও মানবিক আচরণের মাধ্যমে সার্বজনীন মানবাধিকার সমুন্নত রাখার অনুরোধ জানায় জাতীয় মানবাধিকার কমিশন।

প্রাণঘাতী করোনা ভাইরাসের বিশ্বব্যাপী দ্রুত বিস্তারকে বিশ্ব স্বাস্থ্য সংস্থা বৈশ্বিক মহামারী হিসেবে ঘোষণা করেছে। ইতোমধ্যে বিশ্বের প্রতিটি রাষ্ট্র করোনা ভাইরাসের মহামারী আকারে ছড়িয়ে পরার ভয়াবহতা অনুধাবন করে তা প্রতিরোধ তথা বিস্তার রোধে সর্বোচ্চ প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। একইভাবে বাংলাদেশ সরকারও দেশের জনগণকে এই প্রাণঘাতী করোনা ভাইরাসের সংক্রমণ থেকে রক্ষা করতে বিভিন্ন প্রয়োজনীয় কার্যকর পদক্ষেপ গ্রহণ করেছে। দেশব্যাপী স্থানীয় প্রশাসন কর্তৃক আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সহায়তায় সামাজিক দূরত্ব নিশ্চিতকরণের মাধ্যমে ভাইরাসটির বিস্তার রোধে ব্যাপক কার্যক্রম পরিচালিত হচ্ছে।

জাতির এইরূপ ক্রান্তিকালে সরকারের বিভিন্ন দপ্তর/সংস্থার পাশাপাশি সাধারণ জনগণেরও কর্তব্য রয়েছে পরস্পরের প্রতি সহানুভূতিশীল ও মানবিক আচরণের মাধ্যমে সার্বজনীন মানবাধিকার সমুন্নত রাখা। সম্প্রতি বিভিন্ন জাতীয় পত্রিকায় নিম্ন বর্ণিত অমানবিক আচরণ বিষয়ে প্রকাশিত সংবাদসমূহের প্রতি জাতীয় মানবাধিকার কমিশন-এর দৃষ্টি আকৃষ্ট হয়েছে-

"করোনা সন্দেহে কিশোরীর বাড়ী ঘেরাও" শিরোনামে দৈনিক কালের কণ্ঠ পত্রিকায় গত ২ এপ্রিল ২০২০ তারিখ প্রকাশিত সংবাদ হতে জানা যায় নেত্রকোণার পূর্বধলা উপজেলায় করোনা ভাইরাসে আক্রান্ত সন্দেহে এলাকাবাসী দুই দিন ধরে ১৬ বছরের এক গার্মেন্টসকর্মীর বাড়ি ঘেরাও করে রাখে।

"করোনা সন্দেহে ঘরছাড়া করলেন স্বজনরা, সড়কে কাতরাচ্ছে নারী" দৈনিক যুগান্তর পত্রিকায় ৩০ মার্চ ২০২০ তারিখ এ মর্মে সংবাদ প্রকাশিত হয় যে, শরীরে জ্বর থাকায় করোনা সন্দেহে পটুয়াখালীর রাজাবালী উপজেলার সদর ইউনিয়নে এক স্বামী পরিত্যক্তা নারীকে (বয়স ৪২ বছর) তার স্বজনরা জোরপূর্বক ঘর থেকে বের করে দিয়েছে।

"বগুড়ায় করোনা সন্দেহে ট্রাক থেকে নামিয়ে দিল শ্রমিককে, এগিয়ে আসেনি কেউ" দৈনিক যুগান্তর পত্রিকায় গত ২৯ মার্চ ২০২০ তারিখ উল্লিখিত শিরোনামে প্রকাশিত অপর আরেকটি সংবাদ হতে জানা যায়, জ্বর ও শ্বাসকষ্টে আক্রান্ত এক শ্রমিককে করোনা সন্দেহে পণ্যবাহী ট্রাক থেকে বগুড়ার শিবগঞ্জের মহাস্থান বাসস্ট্যান্ড এলাকায় জোরপূর্বক নামিয়ে দেওয়া হলেও দীর্ঘক্ষণ স্থানীয় কেউ এগিয়ে আসেনি।

যে মুহূর্তে মানুষের প্রতি মানুষের সর্বোচ্চ সহানুভূতিশীল ও মানবিক আচরণ একান্তভাবে কাম্য; ঠিক সেই মুহূর্তে মানুষের এহেন অমানবিক আচরণ অনাকাঙ্ক্ষিত, অনভিপ্রেত এবং মানবাধিকারের চরম লংঘন। সর্বোপরি, এরূপ আচরণ রাষ্ট্রীয় শৃঙ্খলা ও সামাজিক শান্তির জন্যও হুমকিস্বরূপ।

বর্ণিত প্রেক্ষাপটে জাতীয় মানবাধিকার কমিশন গভীর উদ্বেগ প্রকাশসহ প্রত্যাশা করে যে, দেশে করোনা ভাইরাস সংক্রমণের এই দুর্ভোগময় মুহূর্তে দেশের জনগণ ও সংশ্লিষ্ট সকলে মানবাধিকারের বিষয়টিকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে আরো অধিক দায়িত্বশীল, সহানুভূতিশীল ও মানবিক আচরণ করবেন।

ধন্যবাদান্তে,

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা